আল-লাজনাতুশ শারইয়্যাহ লিদ-দাওয়াতি ওয়ান-নুসরাহ
اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ
fatwaa.org

ফাতওয়া নাম্বার: ১২৭ প্রকাশকালঃ ০৫-১২-২০২০ ইং

যাকাতের টাকা দিয়ে বন্দী মুসলিমের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র কিনে দিলে কি যাকাত আদায় হবে?

প্রশ্ন:

যাকাতের টাকা দিয়ে বন্দী কোনো মুজাহিদ বা সাধারণ কোনো মুসলিমের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র যেমন, শীতের পোশাক, জুতা, মোজা ইত্যাদি কিনে ভিতরে পাঠানো হলে, এতে কি যাকাত আদায় হবে?

প্রশ্নকারী-তারেক মুসান্না

উত্তর:

بسم الله الرحمن الرحيم

الحمد لله والصلاة والسلام على رسول الله، اما بعد:

বন্দী কোনো মুজাহিদ বা সাধারণ কোনো মুসলিম যদি যাকাত গ্রহণের উপযুক্ত হন এবং যাকাতের টাকা দিয়ে প্রয়োজনীয় জিনিসপত্র কিনে তাঁকে মালিক বানিয়ে দেওয়া হয়, তাহলে তিনি বা তাঁর প্রতিনিধি তা হস্তগত করলে এর দ্বারা যাকাত আদায় হয়ে যাবে। অন্যথায় আদায় হবে না।

উল্লেখ্য, প্রত্যেক এমন ব্যক্তি যাকাত গ্রহণের উপযুক্ত, যার নিকট প্রয়োজন অতিরিক্ত সাড়ে বায়ান্ন তোলা রুপা বা সমপরিমাণ সম্পদ নেই। -সুরা তাওবা: ৬০; সহীহ বুখারী: ১৩৩১; আহকামুল কোরআন-

জাসসাস: ৩/১৭৯; রদ্দুল মুহতার: ২/২৪৩, ৩৩৯; ফাতাওয়া দারুল উলূম দেওবন্দ: ১৫২১৫৯; ফাতাওয়া বিন্নুরি টাউন: ১৪৩৪০৯২০০০১৯

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদী

০১-০৪-১৪৪২ হি.

১৭-১১-২০২০ ইং